

সারাদেশ

সৈয়দপুরে ঈদে মিলাদুন্নবী উপলক্ষে বর্ণাঢ্য জশনে জুলুস

প্রতিবেদক: সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে নীলফামারীর সৈয়দপুরে উত্তরবঙ্গের অন্যতম বৃহৎ জশনে জুলুস অনুষ্ঠিত হয়েছে। বুধবার ঐআজুর্মাণে গাউসিয়া আহলে সুন্নাহ ওয়াল জামাত-এর উদ্যোগে আয়োজিত এ ধর্মীয় শোভাযাত্রায় বিপুলসংখ্যক ধর্মপ্রাণ মানুষ অংশ নেন।

সকাল থেকেই শহরের বিভিন্ন পাড়া-মহল্লা থেকে জিকির, সালাত ও সালাম পেশ করে খণ্ড খণ্ড মিছিল নিয়ে মুসল্লিরা ঐতিহাসিক সৈয়দপুর রেলওয়ে মাঠে সমবেত হতে থাকেন। সকাল ১০টার দিকে বিপুল মানুষের উপস্থিতিতে মাঠটি জনসমুদ্রে পরিণত হয়।

আয়োজকদের দাবি, প্রায় ৩০ হাজার আশেকে রাসুলের অংশগ্রহণে রেলওয়ে মাঠ থেকে জশনে জুলুসের মূল শোভাযাত্রা শুরু হয়। নাত-এ-রাসুল ও ঐনারায়ে তাকবির ধ্বনিতে মুখর হয়ে ওঠে পুরো শহর। শোভাযাত্রায় সবুজ পতাকা, কলেমা খচিত ব্যানার ও বিভিন্ন তোরণ দেখা যায়।

প্রায় ১০ কিলোমিটার পথ প্রদক্ষিণ করে জুলুসটি পুনরায় সৈয়দপুর রেলওয়ে মাঠে এসে শেষ হয়। ঐতিহাসিক এ জশনে জুলুসের সার্বিক নেতৃত্ব দেন সৈয়দ শাহ আহমেদ জামাল আশরাফ আশরাফী আল জিলানী।

জুলুস শেষে রেলওয়ে মাঠে হযরত মুহাম্মদ (সা.)-এর পুণ্যময় জীবন, আদর্শ ও সুন্নাহ অনুসরণের গুরুত্ব তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে দেশ, জাতি ও বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি, কল্যাণ ও ঐক্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরির ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/soiypure-ide-miladunnbi-uplkshe-brnadhj-jshne-julus>